# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA
(Residential Autonomous College affiliated to University of Calcutta)

**B.A./B.Sc. FIFTH SEMESTER EXAMINATION, DECEMBER 2019**
**THIRD YEAR (BATCH 2017-20)**
**BENGALI (Honours)**
**Paper : VI**

Date : 19/12/2019
Time : 11 am – 11:20 am
Full Marks : 14

Reg. No. : ________________________ Admit Roll No. : ________________________

বিভাগ 'খ'-এর উত্তর নির্দিষ্ট উত্তরপত্রের মধ্যে দেওয়ার জন্য ছাত্ররা সময় পাবে পরীক্ষা শুরুর প্রথম ২০ মিনিট। পরীক্ষা শুরুর ২০ মিনিট পর পরীক্ষা পরিদর্শক ছাত্রদের কাছ থেকে বিভাগ 'খ'-এর উত্তরপত্রটি সংগ্রহ করবেন ।

## বিভাগ - খ

সঠিক উত্তরটির পাশে (✓) চিহ্ন বসাও ঃ (০.৫ × ২৮)

১। নিম্নরেখ পদগুলির কারক-বিভক্তি নির্ণয় কর ঃ-

(ক) সে সাপকে ভয় পায়।
- অ) কর্ম কারকে 'কে' বিভক্তি।
- আ) করণ কারকে 'কে' বিভক্তি।
- ই) অপাদান কারকে 'কে' বিভক্তি।
- ঈ) অধিকরণ কারকে 'কে' বিভক্তি।

(খ) তারা পাশা খেলে।
- অ) কর্ম কারকে 'শূন্য' বিভক্তি।
- আ) করণ কারকে 'শূন্য' বিভক্তি।
- ই) অপাদান কারকে 'শূন্য' বিভক্তি।
- ঈ) অধিকরণ কারকে 'শূন্য' বিভক্তি।

(গ) সে মন্দিরে দেব নাই।
- অ) কর্তৃ কারকে 'শূন্য' বিভক্তি।
- আ) কর্ম কারকে 'শূন্য' বিভক্তি।
- ই) করণ কারকে 'শূন্য' বিভক্তি।
- ঈ) অধিকরণ কারকে 'শূন্য' বিভক্তি।

(ঘ) এক হাতে তালি বাজে না।
- অ) কর্ম কারকে 'এ' বিভক্তি।
- আ) করণ কারকে 'এ' বিভক্তি।
- ই) নিমিত্ত কারকে 'এ' বিভক্তি।
- ঈ) অপাদান কারকে 'এ' বিভক্তি।

(ঙ) আজ বাবা অফিস যাবেন না।
- অ) কর্ম কারকে 'শূন্য' বিভক্তি।
- আ) করণ কারকে 'শূন্য' বিভক্তি।
- ই) অপাদান কারকে 'শূন্য' বিভক্তি।
- ঈ) অধিকরণ কারকে 'শূন্য' বিভক্তি।

(চ) লাঠিতে মেরো না।
- অ) কর্তৃ কারকে 'তে' বিভক্তি।
- আ) কর্ম কারকে 'তে' বিভক্তি।
- ই) করণ কারকে 'তে' বিভক্তি।
- ঈ) অধিকরণ কারকে 'তে' বিভক্তি।

(ছ) সে ভয়ে কাঁপছে।

অ) কর্ম কারকে 'এ' বিভক্তি।

আ) করণ কারকে 'এ' বিভক্তি।

ই) নিমিত্ত কারকে 'এ' বিভক্তি।

ঈ) অধিকরণ কারকে 'এ' বিভক্তি।

(জ) কত হেরিলাম মনোহর ধাম।

অ) কর্ম কারকে 'শূন্য' বিভক্তি।

আ) করণ কারকে 'শূন্য' বিভক্তি।

ই) অপাদান কারকে 'শূন্য' বিভক্তি।

ঈ) অধিকরণ কারকে 'শূন্য' বিভক্তি।

(ঝ) বাংলার মুখ আমি দেখিয়াছি।

অ) কর্ম কারকে 'র' বিভক্তি

আ) করণ কারকে 'র' বিভক্তি

ই) সম্বন্ধ পদে 'র' বিভক্তি

ঈ) সম্বোধন পদে 'র' বিভক্তি

(ঞ) মহাশয়, জল দিয়া আমার প্রাণ রক্ষা করুন।

অ) কর্তৃ কারকে 'শূন্য' বিভক্তি।

আ) কর্ম কারকে 'শূন্য' বিভক্তি।

ই) সম্বন্ধ পদে 'শূন্য' বিভক্তি।

ঈ) সম্বোধন পদে 'শূন্য' বিভক্তি।

(ট) সবারে করি আহ্বান।

অ) কর্তৃ কারকে 'রে' বিভক্তি।

আ) কর্ম কারকে 'এ' বিভক্তি।

ই) কর্ম কারকে 'রে' বিভক্তি।

ঈ) কর্ম কারকে 'কে' বিভক্তি।

(ঠ) বিপদে মোরে রক্ষা কর।

অ) কর্ম কারকে 'এ' বিভক্তি।

আ) করণ কারকে 'এ' বিভক্তি।

ই) অপাদান কারকে 'এ' বিভক্তি।

ঈ) অধিকরণ কারকে 'এ' বিভক্তি।

(ড) শিক্ষক মহাশয় ছাত্রকে বেত মারলেন।

অ) কর্ম কারকে 'শূন্য' বিভক্তি।

আ) করণ কারকে 'শূন্য' বিভক্তি।

ই) অপাদান কারকে 'শূন্য' বিভক্তি।

ঈ) অধিকরণ কারকে 'শূন্য' বিভক্তি।

(ঢ) কল দিয়ে জল পড়ে না।

অ) করণ কারকে 'দিয়ে' অনুসর্গ।

আ) কর্ম কারকে 'দিয়ে' অনুসর্গ।

ই) অপাদান কারকে 'দিয়ে' অনুসর্গ।

ঈ) অধিকরণ কারকে 'দিয়ে' অনুসর্গ।

২। ব্যাসবাক্য সহ সমাস নির্ণয় কর ঃ-

(ক) বীণাপাণি —

অ) বীণার নিমিত্ত পাণি (নিমিত্ত তৎপুরুষ)

আ) বীণার ন্যায় পাণি (উপমান কর্মধারয়)

ই) বীণা পাণির ন্যায় (উপমিত কর্মধারয়)

ঈ) বীণা পাণিতে যাহার (বহুব্রীহি)

(খ) পঙ্কজ —

অ) পঙ্ক দ্বারা জাত (করণ তৎপুরুষ)

আ) পঙ্কে জন্ম যাহা (উপপদ তৎপুরুষ)

ই) পঙ্কে জন্ম যাহার (বহুব্রীহি)

ঈ) পঙ্ক হইতে জাত (অপাদান তৎপুরুষ)

(গ) অরিন্দম —

অ) অরিকে দমন (কর্ম তৎপুরুষ)

আ) অরি দ্বারা দমন (করণ তৎপুরুষ)

ই) অরি হইতে দমন (অপাদান তৎপুরুষ)

ঈ) অরিকে দমন করে যে (উপপদ তৎপুরুষ)

(ঘ) পঞ্চবটী —

অ) পঞ্চ বট যাহার (বহুব্রীহি)

আ) পঞ্চ বটের সমাহার (দ্বিগু)

ই) পঞ্চ যে বট (কর্মধারয়)

ঈ) পঞ্চের জন্য বট (নিমিত্ত তৎপুরুষ)

(ঙ) সিংহাসন —

অ) সিংহ চিহ্নিত আসন (মধ্যপদলোপী কর্মধারায়)

আ) সিংহের ন্যায় আসন (উপমান কর্মধারায়)

ই) সিংহ আসনের ন্যায় (উপমিত কর্মধারয়)

ঈ) সিংহ রূপ আসন ( রূপক কর্মধারয়)

(চ) নির্লজ্জ —

অ) নয় লজ্জা (নঞ্ তৎপুরুষ)

আ) নাই লজ্জা যাহার (নঞ্ বহুব্রীহি)

ই) লজ্জার অভাব (উপসর্গ তৎপুরুষ)

ঈ) লজ্জা দ্বারা হীন (করণ তৎপুরুষ)

(ছ) নীলাকাশ —

অ) নীলের ন্যায় আকাশ (উপমান কর্মধারয়)

আ) নীল আকাশ যাহার (বহুব্রীহি)

ই) নীল যে আকাশ (কর্মধারয়)

ঈ) নীল আকাশের ন্যায় (উপমিত কর্মধারয়)

(জ) বিদ্যাহীন —

অ) বিদ্যা নাই যাহার (নঞ্ বহুব্রীহি)

আ) বিদ্যা হইতে হীন (অপাদান তৎপুরুষ)

ই) বিদ্যাতে হীন (অধিকরণ তৎপুরুষ)

ঈ) বিদ্যা দ্বারা হীন (করণ তৎপুরুষ)

(ঝ) পাঠাগার —

অ) পাঠের দ্বারা আগার (করণ তৎপুরুষ)

আ) পাঠ হইতে আগার (অপাদান তৎপুরুষ)

ই) পাঠের নিমিত্ত আগার (নিমিত্ত তৎপুরুষ)

ঈ) পাঠ করা হয় যেখানে (বহুব্রীহি)

(ঞ) গোমুখ —

অ) গো এর ন্যায় মুখ (উপমান কর্মধারয়)

আ) গো মুখের ন্যায় (উপমিত কর্মধারয়)

ই) গো এর ন্যায় মুখ যাহার (উপমান বহুব্রীহি)

ঈ) গো এর মুখের ন্যায় মুখ যাহার (উপমান বহুব্রীহি)

(ট) দেশান্তর —

অ) দেশের অন্তর (সম্বন্ধ তৎপুরুষ)

আ) দেশ হইতে অন্তর (অপাদান তৎপুরুষ)

ই) অন্য দেশ (নিত্য সমাস)

ঈ) দেশ অন্তর যাহার (বহুব্রীহি)

(ঠ) রাজপথ —

অ) রাজার পথ (সম্বন্ধ তৎপুরুষ)

আ) পথের রাজা (সম্বন্ধ তৎপুরুষ)

ই) রাজার ন্যায় পথ (উপমান কর্মধারয়)

ঈ) রাজার গমনের পথ (মধ্যপদলোপী কর্মধারয়)

(ড) বাবাঠাকুর —

অ) বাবার ঠাকুর (সম্বন্ধ তৎপুরুষ)

আ) বাবা ঠাকুরের ন্যায় (উপমিত কর্মধারয়)

ই) বাবার পূজনীয় ঠাকুর (মধ্যপদলোপী কর্মধারয়)

ঈ) যিনি বাবা তিনি ঠাকুর (কর্মধারয়)

(ঢ) তুষারশুভ্র —

অ) তুষার আবৃত শুভ্র (মধ্যপদলোপী কর্মধারয়)

আ) তুষারের ন্যায় শুভ্র (উপমান কর্মধারয়)

ই) তুষার শুভ্রের ন্যায় (উপমিত কর্মধারয়)

ঈ) তুষার রূপ শুভ্র (রূপক কর্মধারয়)

——— × ———